সুন্দর বটে তব অঙ্গদখানি    তারায় তারায় খচিত—
স্বর্ণে রত্নে শোভন লোভন জানি    বর্ণে বর্ণে রচিত ॥
খড়্গ তোমার আরো মনোহর লাগে  বাঁকা বিদ্যুতে আঁকা সে,
গরুড়ের পাখা রক্ত রবির রাগে  যেন গো অস্ত-আকাশে ॥
জীবন-শেষের শেষ জাগরণসম  ঝলসিছে মহাবেদনা—
নিমেষে দহিয়া যাহা কিছু আছে মম  তীব্র ভীষণ চেতনা ।
সুন্দর বটে তব অঙ্গদখানি  তারায় তারায় খচিত—
খড়্গ তোমার, হে দেব বজ্রপাণি,  চরম শোভায় রচিত ॥

---

Parjaay: Puja, Taal: Kaharwa, Raag: Iman

Visit www.geetabitan.com for notation and other detail